জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-জারাবো/কর-৭/আঃআঃবিঃ/৫/২০১০/৫০ তারিখঃ ২০/০৩/২০১১ খ্রিঃ

সূত্রঃ আপনার পত্র নং প্র-পি-রুলস-০৬০-বিবিধ/২০১১ তারিখঃ ২৩ ফেব্রুয়ারি, ২০১১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি আদিষ্ট হয়ে আপনার সদয় দৃষ্টি আকর্ষণ করছি।

০২। আপনার পত্রে উল্লিখিত বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ডের আয়কর অনুবিভাগ পরীক্ষা করেছে। এ বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, The United Nations (Privileges and Immunities) Act, 1948 এবং Vienna Convention on Diplomatic Relation, 1961 এর Article 23(1) অনুযায়ী জাতিসংঘ বা এর অঙ্গ সংস্থা বা বিদেশী মিশনসমূহের উপর জাতীয়, আঞ্চলিক বা মিউনিসিপালিটি এর কোন ধরণের কর আরোপিত হবে না। উল্লিখিত আইন ও কনভেনশনে স্বাক্ষরকারী (Signatory) হিসেবে এরূপ সংস্থা বা মিশনের ক্ষেত্রে বাংলাদেশে কোনরূপ আয়কর প্রযোজ্য নয়। ফলে বিদেশী দূতাবাসসমূহ কর্তৃক জমি ক্রয়/বিক্রয়ের সময় কোনরূপ আয়কর প্রদেয় হবে না বা তাদের ক্ষেত্রে করদাতা সনাক্তকরণ নম্বর (টিআইএন) এর প্রয়োজন হবে না।

স্বাঃ
(মোঃ মতিয়ার রহমান)
দ্বিতীয় সচিব (আয়কর আইন ও বিধি)
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

জনাব মোহাম্মদ মিজারুল কায়েস
সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

মহা-পরিদর্শক, নিবন্ধন,
নিবন্ধন পরিদপ্তর,
১৪, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।

স্বাঃ
২০/০৩/১১
(মোঃ মতিয়ার রহমান)
দ্বিতীয় সচিব (আয়কর আইন ও বিধি)
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।